

## উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ১৫/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১০:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বাউফল, পটুয়াখালী।

### উপস্থিত সদস্যদের নামের তালিকা:

| ক্র: নং | উপস্থিত সদস্যগণের নাম | পদবী                                 | কমিটিতে পদবী | স্বাক্ষর   |
|---------|-----------------------|--------------------------------------|--------------|------------|
| ১       | মরিয়ম বেগম নিসু      | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সভাপতি       | স্বাক্ষরিত |
| ২       | এস. এম ফয়সাল আহম্মেদ | চেয়ারম্যান, কালাইয়া ইউনিয়ন পরিষদ  | সদস্য        | স্বাক্ষরিত |
| ৩       | মো: রফিকুল ইসলাম      | চেয়ারম্যান, কাছিপাড়া ইউনিয়ন পরিষদ | সদস্য        | স্বাক্ষরিত |
| ৪       | মু: হুমায়ুন কবীর     | চেয়ারম্যান, ধুলিয়া ইউনিয়ন পরিষদ   | সদস্য        | স্বাক্ষরিত |
| ৫       | অনিরুদ্ধ দাস          | উপজেলা কৃষি কর্মকর্তা, বাউফল         | সদস্য সচিব   | স্বাক্ষরিত |

### আলোচ্য বিষয়:

১. নওমালা ও আদাবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন সুইজ গেট দিয়ে জোয়ারের পানি ওটা-নামার প্রতিবন্ধকতা দূরীকরণ।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অধ্যকার সভা উপজেলা কৃষি ও সেচ কমিটি কমিটির সভাপতি জনাবা মরিয়ম বেগম নিসু, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব, জনাব অনিরুদ্ধ দাস, উপজেলা কৃষি অফিসার, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

| আলোচ্য বিষয়   | আলোচনা   | সিদ্ধান্ত/ সুপারিশ   | সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি     |
|--|--|--|--|
| ১. নওমালা ও আদাবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন সুইজ গেট দিয়ে জোয়ারের পানি ওটা-নামার প্রতিবন্ধকতা দূরীকরণ। | উপজেলা কৃষি অফিসার জানান যে, আমন মৌসুমে নওমালা ও আদাবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন সুইজ গেট দিয়ে জোয়ারের পানি ওটা-নামার কারণে ফসলের ব্যাপক ক্ষতি হয়। বিষয়টি সমাধানের বিষয়ে তিনি সভায় সকলের মতামত প্রত্যাশা করেন। | আমন মৌসুমে উক্ত দুই ইউনিয়নে অতিরিক্ত জোয়ারের সময় সুইজ গেট বন্ধ রাখাসহ প্রয়োজনীয় সময় গেট খোলার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত/ সুপারিশ করা হয়। যাতে করে কৃষকরা প্রয়োজনমত পানি ব্যবহার করে ফসল উৎপাদন করতে পারে। সংশ্লিষ্ট এলাকার উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ বিষয়টি তদারক করবেন। | ২০২৪-২৫ অর্থবছর।<br>উপজেলা কৃষি অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

বাউফল, পটুয়াখালী